



তিন মাসের মধ্যে কিশোর গ্যাং নির্মূল করা হবে: চিফ হুইপ



চিফ হুইপ নূরুল ইসলাম মনি। ছবি: সংগৃহীত

আগামী তিন মাসের মধ্যে দেশে কিশোর গ্যাং নির্মূলে দৃষ্টান্ত স্থাপনের কথা জানিয়েছেন চিফ হুইপ নূরুল ইসলাম মনি। তিনি বলেন, অপরাধ দমনে বিএনপি সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

শুক্রবার (২ অক্টোবর) বিকেলে ডিবেট ফর ডেমোক্রেসির এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফেরদৌসি আহমেদ মিস্তির পদত্যাগের প্রসঙ্গ তুলে চিফ হুইপ বলেন, বিএনপি নিজেদের ঘর থেকেই শুদ্ধি অভিযান শুরু করেছে। সন্ত্রাসী মানসিকতার ব্যক্তিদের চিহ্নিত করে দল থেকে বাদ দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে।

তিনি আরও বলেন, জুলাই আন্দোলনের পর অশ্লীল ভাষা ব্যবহারের প্রবণতা বেড়েছে। এ ধরনের কর্মকাণ্ডে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।

কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ডসহ সরকারের বিভিন্ন উদ্যোগের কথাও তুলে ধরে নূরুল ইসলাম মনি বলেন, এসব কর্মসূচির মাধ্যমে দেশের উন্নয়ন অব্যাহত থাকবে এবং মানুষ এর সুফল পাবে।